



হাসানুল হক ইনুর মৃত্যুদণ্ড চেয়ে সুপ্রিম কোর্টে আপিল



হাসানুল হক ইনু। ছবি: সংগৃহীত

মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক তথ্যমন্ত্রী ও জাসদ সভাপতি হাসানুল হক ইনুর ১০ বছরের কারাদণ্ড বাড়িয়ে মৃত্যুদণ্ড চেয়ে আপিল করেছে প্রসিকিউশন।
সোমবার (৫ অক্টোবর) সকালে সুপ্রিম কোর্টের সংশ্লিষ্ট শাখায় আপিলটি করা হয়। প্রসিকিউটর গাজী এম এইচ তামীম বিষয়টি নিশ্চিত করেছেন।
এর আগে গত ৩০ জুন মানবতাবিরোধী অপরাধের তিন অভিযোগে ইনুকে ১০ বছর করে কারাদণ্ড দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২। তবে সাজাগুলো একসঙ্গে চলবে বলে ট্রাইব্যুনাল জানানোয় মোট ১০ বছরই কারাগারে থাকতে হবে তাকে।
এই সাজা অপরিপাক্য উল্লেখ করে সোমবার আপিল করে রাষ্ট্রপক্ষ। আবেদনে সাজা বাড়ানোর পক্ষে বিভিন্ন যুক্তি তুলে ধরা হয়েছে বলে জানিয়েছেন প্রসিকিউশন।
ইনুর বিরুদ্ধে মামলাটির তদন্ত শুরু হয় ২০২৫ সালের ২৫ মার্চ। ওই বছরের ১১ সেপ্টেম্বর তদন্ত প্রতিবেদন জমা দেওয়া হয়। ২৫ সেপ্টেম্বর ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করা হয়। শুনানি শেষে ২ নভেম্বর অভিযোগ গঠন করেন ট্রাইব্যুনাল।
এরপর ৩০ নভেম্বর সূচনা বক্তব্যের মধ্য দিয়ে মামলার বিচার শুরু হয়। ১ ডিসেম্বর প্রথম সাক্ষ্যগ্রহণ অনুষ্ঠিত হয়। মামলায় প্রসিকিউশন ১০ জন সাক্ষী হাজির করে। আসামিপক্ষও দুজন সাফাই সাক্ষী দেয়।